


Vol. 44 | No. 3 | 2001

Check for updates

# সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

## অধ্যাপক আহমদ শরীফের জীবনপঞ্জি ও গ্রন্থপঞ্জি

| | |
|---|---|
| Volume | 44 |
| Issue | 3 |
| Year | 2001 |
| ISSN | 0558-1583 |
| eISSN | 3006-886X |
| Author(s) | আহমদ কবির |
| Published online | June 1, 2002 |
| DOI | 10.62328/sp.v44i3.14 |
| Link to article | https://doi.org/10.62328/sp.v44i3.14 |
| Pages | 203-211 |
| Publisher | University of Dhaka |
| Copyright | সাহিত্য পত্রিকা |
| Designed and Developed by | Zobayer Abdullah |

বাংলা বিভাগ ।। ঢাকা বিশ্ববিদ্যালয়

Check for updates

# অধ্যাপক আহমদ শরীফের জীবনপঞ্জি ও গ্রন্থপঞ্জি

**সংকলক : আহমদ কবির**

জন্ম : ১৯২১ সনের ১৩ ফেব্রুয়ারি, জন্মস্থান : গ্রাম–সুচক্রদণ্ডী, পটিয়া, চট্টগ্রাম। [রবিবার, সকাল ৯টা–১০টার মধ্যে।]

মৃত্যু : ১৯৯৯ সনের ২৪ ফেব্রুয়ারি, ভোর ১টা ৪০ মিনিটে, ঢাকার সোহরাওয়ার্দী হাসপাতালে যাবার পথে ধানমণ্ডি ২৭ নম্বর সড়কের নিকট গাড়িতে মৃত্যুবরণ করেন।

**শিক্ষাজীবন**

১. ম্যাট্রিকুলেশন, প্রথম বিভাগ, ১৯৩৮, পটিয়া হাই ইংলিশ স্কুল, চট্টগ্রাম; কলিকাতা বিশ্ববিদ্যালয়।

২. ইন্টারমিডিয়েট অব আর্টস, ২য় বিভাগ, ১৯৪০, চট্টগ্রাম সরকারি কলেজ, কলিকাতা বিশ্ববিদ্যালয়।

৩. বি.এ., ১৯৪২, চট্টগ্রাম সরকারি কলেজ, কলিকাতা বিশ্ববিদ্যালয়।

৪ . এম.এ. (বাংলা), ১৯৪৪, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৫. পিএইচ.ডি., ১৯৬৭, ঢাকা বিশ্ববিদ্যালয়। অভিসন্দর্ভের শিরোনাম : *সৈয়দ সুলতান : তাঁর গ্রন্থাবলী ও তাঁর যুগ*।

**কর্মজীবন**

১. অধ্যাপনা : লাকসাম পশ্চিমগাঁও নওয়াব ফয়জুন্নেসা কলেজ; আগস্ট ১৯৪৫ থেকে ডিসেম্বর ১৯৪৮

২. অধ্যাপনা : ফেনী ডিগ্রি কলেজ; ১৯৪৮ সনের ডিসেম্বর থেকে ১৯৪৯ সনের জুন পর্যন্ত;

৩. রেডিও পাকিস্তান ঢাকা কেন্দ্রের প্রোগ্রাম অ্যাসিস্ট্যান্ট [কর্মসূচি নিয়ামক] রূপে কর্মরত ছিলেন ১৯৪৯ সনের জুন মাস থেকে ১৯৫০-এর ১৭ ডিসেম্বর পর্যন্ত;

৪. ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে :

গবেষণা সহকারী (শিক্ষকতার দায়িত্বসহ) ১৯৫০ থেকে ১৯৫২; অস্থায়ী লেকচারার : ১৯৫২ থেকে ১৯৫৩, গবেষণা সহকারী (শিক্ষকতার দায়িত্বসহ) ১৯৫৩ থেকে ১৯৫৭;

লেকচারার/সিনিয়র লেকচারার : ১৭ অক্টোবর ১৯৫৭ থেকে ২৬ জুলাই ১৯৭০; রীডার/অ্যাসোসিয়েট প্রফেসর : ২৭ জুলাই ১৯৭০ থেকে ৩ নভেম্বর ১৯৭২; প্রফেসর : ৪ নভেম্বর ১৯৭২ থেকে। চেয়ারম্যান, বাংলা বিভাগ : ১৫ অক্টোবর ১৯৭৫ থেকে ১১ ডিসেম্বর ১৯৭৮। বাংলা বিভাগ থেকে অবসর গ্রহণ : ৩০ জুন ১৯৮৩। ডীন, কলা অনুষদ—(নির্বাচিত) ১৯৭৩ থেকে ১৯৭৫, ১ জুলাই ১৯৭৭ থেকে ৩০ জুন ১৯৮৩।

৫. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের 'কাজী নজরুল ইসলাম অধ্যাপক' পদে দু'বছরের জন্য (১৯৮৪ থেকে ১৯৮৬) নিয়োগ লাভ।

**সম্মাননা, সাহিত্য পুরস্কার এবং সম্মানসূচক ডি.লিট.**

১. বাংলা একাডেমী সাহিত্য পুরস্কার (প্রবন্ধ ও গবেষণা), ১৯৬৮;

২. দাউদ সাহিত্য পুরস্কার (*সাহিত্য ও সংস্কৃতি চিন্তা* গ্রন্থের জন্য), ১৯৬৯;

৩. বাংলাদেশ লেখিকা সঙ্ঘ সাহিত্য পদক, ১৯৮০;

৪. অলক্ত সাহিত্য পরিষদ পুরস্কার, ১৯৮৪;

৫. মুক্তধারা সাহিত্য পুরস্কার, ১৯৮৯;

৬. রাষ্ট্রীয় একুশে পদক, ১৯৯১;

৭. The Humanist and Ethical Association of Bangladesh First National Humanist Award, 25 December, 1991;

৮. রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় কর্তৃক ডি.লিট. [সম্মানসূচক] প্রদান, ৭ মে ১৯৯৩;

৯. বঙ্গীয় সাহিত্য পরিষদে বিশিষ্ট সদস্য নির্বাচিত, ২৩ সেপ্টেম্বর ১৯৯৫।

**বিভিন্ন প্রাতিষ্ঠানিক বক্তৃতা এবং স্মারকবক্তৃতা**

১. সৈয়দ মুহম্মদ তৈফুর স্মৃতি বক্তৃতা, বাংলাদেশ ইতিহাস পরিষদ, ১০ জানুয়ারি ১৯৭৭;

২. সাইদুর রহমান ফাউন্ডেশন বক্তৃতা, ১৯ এপ্রিল ১৯৭৯;

৩. বাংলা একাডেমী বক্তৃতামালা, ২০, ২১, ২২ সেপ্টেম্বর ১৯৮৪;

৪. উচ্চতর মানববিদ্যা গবেষণা কেন্দ্রের গবেষণা বক্তৃতামালা, ৬ আগস্ট ১৯৮৫;

৫. বাঙলাদেশ লেখক ইউনিয়ন বক্তৃতা, ১৮ ফেব্রুয়ারি ১৯৮৬;

৬. গোবিন্দ চন্দ্র দেব বক্তৃতামালা, ২০ জুলাই ১৯৮৭;

৭. কর্নেল তাহের স্মারক বক্তৃতা, ১৪ সেপ্টেম্বর ১৯৮৯;

৮. নাজমা জেসমিন চৌধুরী স্মারক বক্তৃতা, ১৪ সেপ্টেম্বর ১৯৯০;

৯. কবি মতিউর রহমান স্মারক বক্তৃতা, ২ ও ৩ মার্চ ১৯৯২;

১০. পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বক্তৃতা, ২১ মে ১৯৯৩;

১১. সাহিত্য একাডেমীর কলিকাতাস্থ কেন্দ্রে বক্তৃতা, ১৯৯৩;

১২. বনফুল স্মারক বক্তৃতা, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়, কলিকাতা, ১৯৯৩;

১৩. আরজ আলী মাতুব্বর স্মারক বক্তৃতা, ১০ এপ্রিল ১৯৯৭।

**সংবর্ধনা লাভ**

১. চট্টগ্রাম সমিতি ঢাকা কর্তৃক পিএইচ.ডি. ডিগ্রি প্রাপ্তি উপলক্ষে প্রদত্ত সংবর্ধনা, ১৮ মার্চ ১৯৬৭;

২. চট্টগ্রাম সংস্কৃতি পরিষদ পদক প্রদান ও সংবর্ধনা, ৫ মার্চ ১৯৮৬;

৩. সংবর্ধনা কমিটি, ২৪ ফেব্রুয়ারি ১৯৮৮, ঢাকা টি.এস.সি;

৪. মুক্তধারা সংবর্ধনা, ৬ ফেব্রুয়ারি ১৯৮৯;

৫. ঋষিজ শিল্পীগোষ্ঠী পদক ও সংবর্ধনা, ২৫ ফেব্রুয়ারি ১৯৮৯;

৬. বাংলা বিদ্যা সম্মিলনী প্রদত্ত সংবর্ধনা, ১৯৯৪ (কলিকাতা)।

**সংগঠন ও কমিটির সঙ্গে সংশ্লিষ্টতা**

১. পাকিস্তান সাহিত্য সংসদ, গঠিত : ১৯৫২;

২. ১৯৬২ সালে পূর্ব পাকিস্তান ছাত্রলীগের নেতা তাত্ত্বিক সিরাজুল আলম খানের নেতৃত্বে আবদুর রাজ্জাক, কাজী আরেফ আহমেদ, আবুল কালাম আজাদ এবং চট্টগ্রাম ছাত্রলীগের এম. এ. হান্নান গঠিত *নিউক্লিয়াস* (স্বাধীন বাংলা বিপ্লবী পরিষদ)-এর সাথে প্রথম থেকে শেষ পর্যন্ত ঘনিষ্ঠ যোগাযোগ ছিল (তথ্যসূত্র : সিরাজুল আলম খান : *একুশ শতকে বাঙালী*, পৃ. ১৬)

৩. ১৯৬২ থেকে ১৯৭০ সন পর্যন্ত অপূর্ব সংসদ (যার পুরো নাম অস্থায়ী পূর্ববঙ্গ সরকার)-এর সঙ্গে যুক্ত ছিলেন। তথ্যসূত্র : সাবেক তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা বিচারপতি হাবিবুর রহমান, 'অপূর্ব সংসদ-এর কথা', *প্রথম আলো*, ৪ ফেব্রুয়ারি ২০০০;

৪. পাকিস্তান লেখক সংঘ (পূর্বাঞ্চল শাখা), গঠিত : ১৯৬২;
সদস্য ও কোষাধ্যক্ষ (তবে সরকারি প্রভাবমুক্তির পরে);

৫. বাংলা একাডেমী নির্বাচিত কাউন্সিল সদস্য, ফেলো এবং আজীবন সদস্য;

৬. Asiatic Society of Bangladesh, General Secretary, ১৯৬৯-৭৩;

৭. বাংলাদেশ ইতিহাস পরিষদ, গঠিত : ২০ ডিসেম্বর ১৯৬৬;

৮. লেখক স্বাধিকার সংরক্ষণ কমিটি, গঠিত : ১৯৬৯;

৯. লেখক সংগ্রাম শিবির, গঠিত : ২ মার্চ ১৯৭১, সভাপতি;

১০. সুকান্ত একাডেমী, গঠিত : মে ১৯৭৩;

১১. মৌলিক অধিকার সংরক্ষণ ও আইন সাহায্য কমিটি, গঠিত : ৩০ মার্চ ১৯৭৪, সভাপতি;

১২. মন্বন্তর প্রতিরোধ আন্দোলন, গঠিত : ১১ অক্টোবর ১৯৭৪;

১৩. ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, সভাপতি : ১৯৭৫-৭৬;

১৪. আসাদ দিবস উদ্‌যাপন কমিটি, ১৯৭৬, চেয়ারম্যান;

১৫. সার্জেন্ট জহুরুল হক দিবস উদ্‌যাপন কমিটি, ১৬ ফেব্রুয়ারি ১৯৭৬, সভাপতি;

১৬. সংযুক্ত একুশে উদ্‌যাপন সাংস্কৃতিক কমিটি, ২২ ফেব্রুয়ারি ১৯৭৬, সভাপতি;

১৭. জাতীয় একুশে ফেব্রুয়ারি উদ্‌যাপন কমিটি ১৯৭৬;

১৮. ২৬শে মার্চ উদ্‌যাপন কমিটি, ১৯৭৬, আহবায়ক;

১৯. বাঙলাদেশ লেখক শিবির, সভাপতি, ১৯৭৬ থেকে ১৯৮১;

২০. বাঙলাদেশ ভাষা সমিতি, গঠিত : ১৯৭৬, সভাপতি : ১৯৭৬ থেকে ১৯৯৪;

২১. একুশে ফেব্রুয়ারি উদ্‌যাপন জাতীয় কমিটি, ১৯৭৭;

২২. গণতান্ত্রিক সংস্কৃতি ফ্রন্ট, গঠিত ১৭ জানুয়ারি ১৯৭৮, সভাপতি;

২৩. সাম্প্রদায়িকতা ও ফ্যাসিবাদবিরোধী নাগরিক কমিটি, গঠিত : ২৮ এপ্রিল ১৯৮১, সভাপতি;

২৪. কর্নেল তাহের সংসদ, গঠিত : ৫ জুলাই ১৯৮১, সভাপতি;

২৫. রাষ্ট্রপতি নির্বাচনে নাগরিকদের জাতীয় কমিটি, গঠিত : ২৮ জুলাই ১৯৮১, সভাপতি;

২৬. ডারউইন মৃত্যুশতবার্ষিকী উদ্‌যাপন কমিটি, গঠিত : ২৪ ডিসেম্বর ১৯৮২, সভাপতি;

২৭. কার্ল মার্কস মৃত্যুশতবার্ষিকী উদ্‌যাপন কমিটি, গঠিত : জানুয়ারি ১৯৮৩, সভাপতি;

২৮. স্বদেশ চিন্তা সঙ্ঘ, গঠিত : ১৯৮৩, সভাপতি;

২৯. মুক্তিযুদ্ধ চেতনা বিকাশ কেন্দ্র, গঠিত : ২২ আগস্ট ১৯৮৫, সদস্য;

৩০. অধ্যাপক আসহাবউদ্দিন আহমদ নাগরিক সংবর্ধনা পরিষদ, গঠিত : ৯ আগস্ট ১৯৮৯, সভাপতি;

৩১. উপসাগরীয় যুদ্ধে সাম্রাজ্যবাদী আগ্রাসনে ক্ষতিগ্রস্তদের জন্য সহায়তা কমিটি, গঠিত : ১৯৯০, সভাপতি;

৩২. মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন ও একাত্তরের ঘাতক দালাল নির্মূল জাতীয় সমন্বয় কমিটি, গঠিত : ১৯ জানুয়ারি ১৯৯২, উপদেষ্টা;

৩৩. ২৬ মার্চ ১৯৯২ ঢাকা সোহরাওয়ার্দী উদ্যানে গঠিত গণআদালত-১-এর অন্যতম বিচারক;

৩৪. ড. অ্যাবিমেল গুজমানের জীবন রক্ষার আন্তর্জাতিক জরুরি কমিটি (বাংলাদেশ), গঠিত নভেম্বর ১৯৯২;

৩৫. কমরেড চারু মজুমদার মৃত্যুবার্ষিকী উদ্‌যাপন কমিটি, গঠিত : ১৯৯৩;

৩৬. কমরেড মাও সে তুঙ জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কমিটি, গঠিত : ১৯৯৩;

৩৭. মাস্টারদা সূর্যসেন জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কমিটি, গঠিত : ১৯৯৪;

৩৮. শহীদ বিপ্লবী কমরেড সিরাজ সিকদারের অর্ধশত জন্মবার্ষিকী উদ্‌যাপন কমিটি, গঠিত : ৬ আগস্ট ১৯৯৪, সভাপতি;

৩৯. ফ্রেডারিক এঙ্গেলস মৃত্যুশতবর্ষ উদ্‌যাপন কমিটি, গঠিত : ১৯৯৫;

৪০. সমাজতান্ত্রিক বুদ্ধিজীবী সঙ্ঘ, জানুয়ারি ১৯৯৯।

**মৌলিক গ্রন্থ**

১. *বিচিত চিন্তা,* কথাকলি, ১৯৬৮;

২. *সাহিত্য ও সংস্কৃতি চিন্তা,* মাওলা ব্রাদার্স, ১৯৬৯;

৩. *স্বদেশ অন্বেষা,* খান ব্রাদার্স, ১৯৭০;

৪. *জীবনে সমাজে সাহিত্যে,* আদিল ব্রাদার্স, ১৯৭০;

৫. *সৈয়দ সুলতান তাঁর গ্রন্থাবলী ও তাঁর যুগ,* বাংলা একাডেমী, ১৯৭২;

৬. *যুগ-যন্ত্রণা,* কথাকলি, ১৯৭৪;

৭. *কালিক ভাবনা,* মুক্তধারা, ১৯৭৪;

৮. *মধ্যযুগের সাহিত্যে সমাজ ও সংস্কৃতির রূপ,* মুক্তধারা, ১৯৭৭;

৯. *বাঙালী ও বাঙলা সাহিত্য* (১ম খণ্ড), বর্ণ মিছিল, ১৯৭৮;

১০. *প্রত্যয় ও প্রত্যাশা,* অক্ষর, ১৯৭৯;

১১. *বাঙালী ও বাঙলা সাহিত্য* (দ্বিতীয় খণ্ড), বাংলা একাডেমী, ১৯৮৩;

১২. *কালের দর্পণে স্বদেশ,* মুক্তধারা, ১৯৮৫;

১৩. *মধ্যযুগের বাঙলা সাহিত্য,* বাংলা একাডেমী, ১৯৮৫;

১৪. *বাঙলা ভাষাসংস্কার আন্দোলন,* বাঙলাদেশ ভাষা সমিতি, ১৯৮৬;

১৫. *ইদানীং আমরা,* মুক্তধারা, ১৯৮৬;

১৬. *আবদুল করিম সাহিত্যবিশারদ*, বাংলা একাডেমী, ১৯৮৭;

১৭. *এবং আরো ইত্যাদি*, মাওলা ব্রাদার্স, ১৯৮৭;

১৮. *বাঙালীর চিন্তা চেতনার বিবর্তন ধারা*, ইউনিভার্সিটি প্রেস লিঃ, ১৯৮৭;

১৯. *বাঙলার বিপ্লবী পটভূমি*, কর্নেল তাহের সংসদ, ১৯৮৯;

২০. *একালে নজরুল*, মাওলা ব্রাদার্স, ১৯৯০;

২১. *বাঙলাদেশের সাম্প্রতিক চালচিত্র*, মাওলা ব্রাদার্স, ১৯৯০;

২২. *মানবতা ও গণমুক্তি*, ইউনিভার্সিটি প্রেস লিঃ, ১৯৯০;

২৩. *সাম্প্রদায়িকতা ও সময়ের নানা কথা*, প্রসূন প্রকাশনা, ১৯৯১;

২৪. *গণতন্ত্র, সংস্কৃতি, স্বাতন্ত্র্য, বিচিত্র ভাবনা*, আফসার ব্রাদার্স, ১৯৯১;

২৫. *বাঙলা, বাঙালী ও বাঙালীত্ব*, সাহিত্যলোক (কলিকাতা), ১৯৯২;

২৬. *জাগতিক চেতনার বিচিত্র প্রসূন*, বস্তু প্রকাশন, ১৯৯২;

২৭. *সংস্কৃতি*, ঢাকা বিশ্ববিদ্যালয়, ১৯৯২;

২৮. *শাস্ত্র, সমাজ ও নারীমুক্তি*, বস্তু প্রকাশন, ১৯৯৩;

২৯. *সংকট : জীবনে ও মননে*, বিদ্যা প্রকাশন, ১৯৯৩;

৩০. *মুক্তি নিহিত : নতুন চেতনায় ও নতুন চিন্তায়*, আফসার ব্রাদার্স, ১৯৯৩;

৩১. *প্রগতির বাধা ও পন্থা*, সন্দেশ, ১৯৯৪;

৩২. *এ শতকে আমাদের জীবনধারার রূপরেখা*, চার্বাক, ১৯৯৪;

৩৩. *সময়, সমাজ, মানুষ*, বিদ্যাপ্রকাশ ১৯৯৫;

৩৪. *দেশ-কাল-জীবনের দাবি ও সাক্ষ্য*, আলীগড় লাইব্রেরী, ১৯৯৫;

৩৫. *স্বদেশচিন্তা*, সন্দেশ, ১৯৯৭;

৩৬. *জিজ্ঞাসা ও অন্বেষা*, বিদ্যাপ্রকাশ, ১৯৯৭;

৩৭. *উজান স্রোতে কিছু আষাঢ়ে চিন্তা*, মুক্তধারা, ১৯৯৮;

৩৮. *মানস মুকুরে বিম্বিত স্বদেশ*, প্রাচ্যবিদ্যা প্রকাশনা, ১৯৯৮;

৩৯. *স্বদেশের স্বকালের সমাজের চালচিত্র*, আগামী, ১৯৯৮;

৪০. *বিশ শতকে বাঙালী*, ঈক্ষণ [নবজাতক, কলিকাতা], ১৯৯৮;

৪১. *নির্বাচিত প্রবন্ধ*, আগামী, ১৯৯৯;

৪২. *বিশ্বাসবাদ, বিজ্ঞানবাদ, যুক্তিবাদ, মৌলবাদ*, আগামী, ২০০০;

৪৩. *কালোচিত কিছু বিবেচ্য বিষয়*, আগামী, ২০০০;

৪৪. *কিছু বিশ্বাসের বাহ্যিক পুনর্বিবেচনা*, আগামী, ২০০০;

৪৫. *আহমদ শরীফ রচনাবলী*, ১ম খণ্ড, আগামী, ২০০০;

৪৬. *চট্টগ্রামের ইতিহাস*, আগামী, ২০০১;

৪৭. *ইতিহাস ও সমাজচিন্তা* (উক্ত বিষয়ে প্রকাশিত প্রবন্ধাবলির সংকলন), মাওলা ব্রাদার্স, ২০০১;

৪৮. *রবীন্দ্র-ভাবনা* (রবীন্দ্র বিষয়ক প্রকাশিত প্রবন্ধাবলির সংকলন), সময় প্রকাশন, ২০০১;

৪৯. *অধ্যাপক আহমদ শরীফ : সাক্ষাৎকারে সমকাল*, অনন্যা, ২০০২;

৫০. *দর্শন চিন্তা* (দর্শনবিষয়ক প্রকাশিত প্রবন্ধাবলির সংকলন), মাওলা ব্রাদার্স, ২০০২।

**সম্পাদিত মধ্যযুগের কাব্য**

১. *লায়লী মজনু, দৌলত উজির বাহরাম খাঁ*, বাংলা একাডেমী, ১৯৫৭;

২. *পুথি পরিচিতি*, আবদুল করিম সাহিত্যবিশারদ, বাংলা বিভাগ, ১৯৫৮;

৩. *তোহ্‌ফা*, আলাউল, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলা বিভাগ, ১৯৫৮;

৪. *সত্য-কলি-বিবাদ-সংবাদ বা যুগ-সংবাদ*, মুহম্মদ খান, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলা বিভাগ, ১৯৫৯;

৫. *মধুমালতী*, মুহম্মদ কবীর, বাংলা একাডেমী, ১৯৫৯;

৬. *মুসলিম কবির পদসাহিত্য*, বাংলা একাডেমী, ১৯৬১;

৭. *মধ্যযুগের বাঙলা গীতিকবিতা*, ঢাকা বিশ্ববিদ্যালয়, ১৯৬১ (মুহম্মদ আবদুল হাইয়ের সহযোগে), মাওলা ব্রাদার্স, ১৯৬১;

৮. *মধ্যযুগের কাব্য সংগ্রহ*, বাংলা একাডেমী, ১৯৬২;

৯. *রসুলবিজয়*, জয়েনউদ্দিন, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ১৯৬৪;

১০. *নীতিশাস্ত্র বার্তা*, মুজাম্মিল, বাংলা একাডেমী, ১৯৬৫;

১১. *পুথির ফসল*, বিভিন্ন দোভাষী কবির রচনা সংকলন, পাকিস্তান পাবলিকেশন, ১৯৬৬;

১২. *শা'বারিদ খান গ্রন্থাবলী*, বাংলা একাডেমী, ১৯৬৬;

১৩. *মধ্যযুগের রাগতালনামা*, বাংলা একাডেমী, ১৯৬৭;

১৪. *চন্দ্রাবতী*, কোরেশী মাগন, বাংলা একাডেমী, ১৯৬৭;

১৫. *বাঙলার সুফীসাহিত্য*, বাংলা একাডেমী, ১৯৬৯;

১৬. *নসিহতনামা*, আফজাল আলী, বাংলা একাডেমী, ১৯৬৯;

১৭. *বাউলতত্ত্ব*, বাংলা একাডেমী, ১৯৭৩;

১৮. *হিন্দু কবির পদসাহিত্য*, বাংলা একাডেমী, ১৯৭৩;

১৯. *সয়ফুলমুলুক বদিউজ্জামাল*, দোনা গাজী, বাংলা একাডেমী, ১৯৭৫;

২০. *সওয়াল সাহিত্য*, বাংলা একাডেমী, ১৯৭৬;

২১. *সিকান্দরনামা*, আলাউল, বাংলা একাডেমী, ১৯৭৭;

২২. *নবীবংশ*, সৈয়দ সুলতান, বাংলা একাডেমী, ১৯৭৮;

২৩. *রসুলচরিত*, সৈয়দ সুলতান, বাংলা একাডেমী, ১৯৭৮;

২৪. *কিফায়তুল মুসল্লিন ও কায়দানী কিতাব*, শেখ মুতালিব, বাংলা একাডেমী, ১৯৭৮;

২৫. *বাউল কবি ফুলবাস উদ্দীন ও নসরুদ্দীনের পদাবলী*, বাংলা একাডেমী, ১৯৮৮;

২৬. *বিদ্যাসুন্দর*, শ্রীধর কবিরাজ, *সাহিত্য পত্রিকা*, বাংলা বিভাগ, ঢাবি, ১৩৬৪;

২৭. *আওরা দ্য বারোজ প্রশস্তি*, এতিম কাসেম, *বাংলা একাডেমী পত্রিকা*, ১৩৬৬;

২৮. *যয়নবের চৌতিশা*, শেখ ফয়জুল্লাহ, *বাংলা একাডেমী পত্রিকা*, ১৩৬৬;

২৯. *আরবী ত্রিশ হরফে মুনাজাত*, মুহম্মদ ফসীহ, *বাংলা একাডেমী পত্রিকা*, ১৩৬৬;

৩০. *মুসানামা*, মুহম্মদ আকিল, *বাংলা একাডেমী পত্রিকা*, ১৩৬৭;

৩১. *সাধক কবি হাজী মুহম্মদ*, বাংলা একাডেমী, ১৩৬৭;

৩২. *রাগতালনামা ও পদাবলী*, আলাউল, *বাংলা একাডেমী পত্রিকা*, ১৩৭০;

৩৩. *খণ্ডলে কুকির হামলার ইতিকথা*, গুলবখশ, ইতিহাস পরিষদ পত্রিকা, ১৩৭৪;

৩৪. *ব্যাড়ী ভক্তি তরঙ্গিনী*, বিদ্যাপতি (১৪ শতকের কবি), *ইতিহাস পরিষদ পত্রিকা*, ১৩৭৫;

৩৫. *তামাকু পুরাণ*, ইতিহাস পরিষদ পত্রিকা, ১৩৮০;

৩৬. *ভাষা কথাক্রম ব্যাকরণ*, উইলিয়াম কেরী, *ভাষাসাহিত্য পত্র*, বাংলা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

৩৭, *চৈতন্যতত্ত্ব প্রদীপ*, ব্রজমোহন দাস, *সাহিত্য পত্রিকা*, বাংলা বিভাগ, ঢাবি, ১৩৮৫;

৩৮. *গৌরী মঙ্গল*, কবিচন্দ্র মিশ্র, *পাণ্ডুলিপি*, বাংলা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ১৩৮৬;

৩৯. *সাহজালাল মধুমালা উপাখ্যান*, সতেরো শতকের কবি মুকুল ওর্ফে মঙ্গল, বাংলা বিভাগ, ঢাবি, ১৪০২;

৪০. *রেজওয়ান শাহ্ উপাখ্যান*, কবি শমসের আলী, *বাংলা একাডেমী পত্রিকা*, ১৪০৩;

৪১. *নসিবনামা*, সতেরো শতকের রোসাঙ্গ কবি রাজ্যের কবি মর্দান, *সাহিত্য পত্রিকা*, ঢাবি, বাংলা বিভাগ, ১৪০২;

৪২. *হাজার মসায়েল ও নূরনামা*, রোসাঙ্গ কবি আবদুল করিম খন্দকার, *বাংলা একাডেমী পত্রিকা*, ১৪০৪;

৪৩. *শরীয়তনামাও মুসার সাওলাল*, খোন্দকার নসরুল্লাহ্, *বাংলা একাডেমী পত্রিকা*, ১৪০৪;

৪৪. *মুসার সাওয়াল*, নসরুল্লাহ খোন্দকার, *সাহিত্য পত্রিকা*, ২য় সংখ্যা ফাল্গুন ১৪০৪;

**অন্যান্য সম্পাদিত গ্রন্থ**

১ *একাত্তরের ঘাতক ও দালালেরা কে কোথায়*, ড. আহমদ শরীফ, কাজী নুরউজ্জামান ও শাহরিয়ার কবির সম্পাদিত, মুক্তিযুদ্ধ চেতনা বিকাশ কেন্দ্র, ১৯৮৭;

২. *Genocide '71, An Account of the Killers and Collaborators*. Translation from Bangla, Translated by Niaz Zaman, Edited by Dr. Ahmed Sharif, Kazi Nuruz Zaman, Dr. Serajul Islam chowdhury and Shahriar Kabir, Muktijuddha Chetona Bikash Kendra, 1987, Dhaka, Bangladesh.

৩ *বাংলা একাডেমী সংক্ষিপ্ত বাংলা অভিধান*, বাংলা একাডেমী, ১৯৯২;

*[এ রচনাটি সামান্য কিছু সংযোজন ও পুনর্বিন্যাসসহ* আহমদ শরীফ স্মারকগ্রন্থ *(মুস্তাফা মজিদ ও আফজালুল বাসার সম্পাদিত, ইউপিএল, ঢাকা, ২০০১) থেকে পুনর্মুদ্রিত]*

প্রস্তাবিত

ড. আহমদ শরীফের স্বহস্তে লেখা "সমাজতান্ত্রিক বুদ্ধিজীবীসংঘ" (Left Intellectual Forum) এর "ঘোষণা ও কর্মসূচী"র ভূমিকা

উপক্রম /

[illegible] ... 'United we stand, divided we fall'। [illegible]

[illegible]

[illegible]

আহমদ শরীফের হস্তাক্ষর, ফেব্রুয়ারি ১৯৯৯



ছবিতে ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের এম.এ শেষ পর্বের ছাত্রছাত্রীবৃন্দ, ১৯৫৯ ও অধ্যাপকবৃন্দ।

দাঁড়িয়ে ১ম সারি : সালেহ আহমদ, সন্তোষ কুমার পাল, মুহম্মদ আইয়ুব আলী, মোফাজ্জল আহমদ চৌধুরী, আবদুর রাজ্জাক, মোহাম্মদ কায়কোবাদ, শেখ মোহাম্মদ গোলাম কাদির, আবদূস শহীদ আখন্দ,এ. কে. এম. ফজলুল হক। দাঁড়িয়ে ২য় সারি : শওকত আরা বেগম, বসিরা বারী মালিক, ফিরোজা বেগম, আমিনা খাতুন, জেবুন্নেসা বেগম, হাসনা বেগম, রাজিয়া সুলতানা, রাইসা সুলতানা, সুরাইয়া আখতার খানম, সৈয়দা সুলতানা আরা। চেয়ারে বসে : আহমদ শরীফ, ব্রজেন্দ্রকুমার দেবনাথ, নীলিমা ইব্রাহিম, মুহম্মদ আবদুল হাই, মুনীর চৌধুরী, এ. কে. এম. আমিনুল ইসলাম। সামনে মাটিতে বসে : অসিত কুমার মজুমদার, মোহাম্মদ মনিরুজ্জামান , নূরুল ইসলাম, মুহম্মদ সাদেক আলী, আবদুস সাত্তার (পিওন)




ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি হিসেবে আজিমপুরে শহীদ বরকতের সমাধিতে পুষ্পমাল্য অর্পণ, ২১ ফেব্রুয়ারি ১৯৭৬। পেছনে দণ্ডায়মান সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর এবিএম খালেদ, পাশে অধ্যাপক আবদুল মান্নান (উপাচার্য ১৯৮৬-৯০), প্রফেসর খায়রুল বাসার, প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান মিয়া, উপাচার্য ১৯৯০-৯২, প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরী ও প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী (উপাচার্য ২০০১-২২)

১৯৬৮ সালে গবেষণায় অবদানের জন্য আহমদ শরীফ বাংলা একাডেমী পুরস্কার লাভ করেন। বিচারপতি আবুসাঈদ চৌধুরীর কাছ থেকে উক্ত পুরস্কার গ্রহণ, ১৯৬৯




কলকাতার রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় আহমদ শরীফকে সম্মানসূচক ডি.লিট. উপাধিতে ভূষিত করেন। ডি.লিট. প্রদান অনুষ্ঠানে উক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পবিত্র সরকারের সঙ্গে, ৭ মে ১৯৯৩






১৯৭৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় এক বিশেষ সমাবর্তন অনুষ্ঠানে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামকে সম্মানসূচক ডি.লিট. উপাধিতে ভূষিত করে। উক্ত অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ডীন হিসেবে আহমদ শরীফ কবি নজরুল ইসলামকে মিষ্টিমুখ করাচ্ছেন।




১৯৮৮র ২৪ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে আহমদ শরীফকে নাগরিক সংবর্ধনা প্রদান করা হয়। সংবর্ধনা অনুষ্ঠানে মানপত্র পাঠ করছেন কবি শামসুর রাহমান। পাশে উপবিষ্ট ঢা.বি-র উপাচার্য প্রফেসর আবদুল মান্নান।

মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন এবং ১৯৭১-এর ঘাতক দালাল নির্মূল জাতীয় সমন্বয় কমিটি আয়োজিত ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানের মহাসমাবেশে, গণআদালতে বিচারের রায় ঘোষণাকালে অন্যতম বিচারক আহমদ শরীফ, ২৬ মার্চ ১৯৯২






আহমদ শরীফকে মুরতাদ ঘোষণা করে ধর্মান্ধ শক্তির প্রচারিত পোস্টার, ১৯৯২